গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
অর্থ ও ক্রয় শাখা
www.dshe.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১৪.২০.০০০২.২৬.১১৯

তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১১ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **নতুন সরকারিকরণকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (মহাবিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ)-এর বকেয়া বেতন-ভাতাদির চাহিদা প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নিম্নে উল্লিখিত নতুন সরকারিকরণকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বকেয়া বেতন-ভাতাদির চাহিদাসহ প্রয়োজনীয় কাগজপত্রাদির ০৩ সেট হার্ডকপি সঠিকভাবে হিসাব নিরূপণপূর্বক ফাইন্যান্স এন্ড প্রকিউরমেন্ট উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ১ম ব্লক, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা বরাবর আগামী ২৩/০৮/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রমিক | প্রতিষ্ঠানের ধরণ | বকেয়া চাহিদার সময়কাল (অর্থবছর) | |
|---|---|---|---|
| ১. | সরকারিকরণকৃত মহাবিদ্যালয়সমূহ | ২০১৯-২০ হতে ২০২০-২১ পর্যন্ত | উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে ২০১৮-১৯ অর্থবছরের বকেয়া থাকলে একইসাথে আবেদন করতে পারবে |
| ২. | সরকারিকরণকৃত মাধ্যমিক বিদ্যালয়সমূহ | ২০১৯-২০ হতে ২০২০-২১ পর্যন্ত | |
| ৩. | সরকারিকরণকৃত স্কুল এন্ড কলেজসমূহ | সকল অর্থবছর | |
| বি:দ্র: (১) সরকারিকরণকৃত সকল শিক্ষা প্রতিষ্ঠানে পিআরএল ভোগরত/অবসরপ্রাপ্ত/মৃত শিক্ষক/কর্মচারীগণের জন্য সকল অর্থবছরের বকেয়া বেতন-ভাতাদির চাহিদাসহ আলাদাভাবে আবেদন করতে হবে। (২) নতুন নিয়োগের ক্ষেত্রে এডহক নিয়োগের যোগদানের তারিখ হতে চলতি অর্থবছর পর্যন্ত প্রস্তাব প্রেরণ করবেন। | | | |

**চাহিদার সাথে নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:**

(১) অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয় হতে ১ম বরাদ্দসহ পরবর্তী সকল বরাদ্দ অনুমোদনের কপি;
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১ম বরাদ্দসহ পরবর্তী সকল বরাদ্দ অনুমোদনের কপি;
(৩) অর্থ বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুমোদন সাপেক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ১ম বরাদ্দসহ পরবর্তী সকল বরাদ্দ প্রদানের চূড়ান্ত আদেশের কপি;
(৪) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীর নিকট প্রতিষ্ঠান ও সরকারের কোনো পাওনা/দায় অবশিষ্ট নেই মর্মে প্রতিষ্ঠানের প্যাডে নাম ও পদবীসহ প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
(৫) পিআরএল ভোগরত/ অবসরপ্রাপ্ত/মৃত শিক্ষক/কর্মচারীগণের জন্য পিআরএল আদেশের কপি;
(৬) উল্লেখ্য, অসত্য তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;
(৭) উপরোক্ত শর্ত পূরণ এবং বাজেটে অর্থের সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীর বকেয়া প্রাপ্তির আবেদন বিবেচনা করা হবে।

১১-০৮-২০২৬
মোহাম্মদ মনির হোসেন পাটয়ারী
পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অধ্যক্ষ, ................................................... (সকল)।
২। প্রধান শিক্ষক/শিক্ষিকা, .................................... (সকল)।

২৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১৪.২০.০০০২.২৬.১১৯/১ (৫)

তারিখ: ১১ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**


১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা, (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

৫। সংরক্ষণ নথি।



১১-০৮-২০২৬

মোহাম্মদ মনির হোসেন পাটয়ারী

পরিচালক